

২৪ জুন ২০১৩

১০

## করাইল বস্তিতে ব্র্যাক স্কুলের শিশুদের সঙ্গে ব্রিটিশ মন্ত্রী

ব্রিটেনের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক মন্ত্রী শাহীদ মালিক গত বৃহস্পতিবার ওলশানের করাইল বস্তিতে ব্র্যাকের স্কুল পরিদর্শন করে বলেছেন, এসব স্কুলের ছেলেমেয়েরা যে শিক্ষা পাচ্ছে তা যদি সবাই পায় তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ খুব উজ্জ্বল। বাংলাদেশে তিন দিনের সফরকালে স্কুল পরিদর্শনের সময় তিনি শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন এবং তাদের নৃত্য ও গান উপভোগ করেন। তিনি বলেন, এটা খুবই ভাল যে, ব্র্যাক স্কুলে পড়াশোনা শেষ করা ৯৩ ডাগ ছেলেমেয়েই সরকারি স্কুলে ভর্তি হচ্ছে। এ সময় যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন দপ্তরের (ডিএফআইডি) দক্ষিণ এশিয়া বিভাগের পরিচালক জিম ড্রামন্ড এবং ব্র্যাকের উপনির্বাহী পরিচালক আমিনুল আলম ও শিক্ষা কর্মসূচির পরিচালক শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। উল্লেখ্য, করাইল বস্তিতে ব্র্যাকের ১১টি উপ-আনুষ্ঠানিক স্কুল রয়েছে। এতে প্রায় ৪শ' দরিদ্র ছেলেমেয়ে পড়াশোনা করছে। এছাড়াও বস্তিতে রয়েছে কিশোর-কিশোরী উন্নয়ন সেন্টার। সংবাদ বিকল্পিত।

